

শিক্ষামন্ত্রীর সাথে এডিবি'র কান্ট্রি ডিরেক্টরের সাক্ষাৎ

ঢাকা, ১৪ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে আজ সচিবালয়ে মন্ত্রীর অফিসকক্ষে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর কান্ট্রি ডিরেক্টর মনমোহন পরকাশ (Manmohan Parkash) সাক্ষাৎ করেন। বাংলাদেশে এডিবি'র আবাসিক মিশনের সিনিয়র সোশাল সেক্টর অফিসার এস এম এবাদুর রহমান এবং সিনিয়র এক্সটারনাল রিলেশনস অফিসার গোবিন্দ বার (Gobinda Bar) এসময় তাঁর সাথে ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশে এডিবি'র চলমান প্রকল্পগুলো নিয়ে আলোচনা করেন। এডিবি'র কান্ট্রি ডিরেক্টর বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে অগ্রগতির প্রশংসা করেন এবং বাংলাদেশে এডিবি'র কার্যক্রম আরো সম্প্রসারণ করা হবে বলে উল্লেখ করেন। তিনি বলেন, বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশ সফল মন্তব্য করে তিনি বলেন, বাংলাদেশের সাকসেস স্টোরি কিভাবে অন্যান্য দেশে প্রয়োগ করা যায়, এডিবি সে চেষ্টা করবে। জনাব মনমোহন পরকাশ বলেন, আগামী ২৬ ফেব্রুয়ারি এডিবি'র প্রেসিডেন্ট বাংলাদেশ সফর করবেন। এডিবি'র প্রেসিডেন্ট শিক্ষাক্ষেত্রে বাংলাদেশের সাকসেস স্টোরি কিভাবে পৃথিবীর অন্যান্য দেশে প্রয়োগ করা যায় সে বিষয়ে জানতে আগ্রহী।

আলোচনাকালে শিক্ষামন্ত্রী বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে এডিবি'র সহযোগিতার জন্য ধন্যবাদ জানান এবং এ সম্পর্ক ভবিষ্যতে আরো বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

সাক্ষাৎকালে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ ও মো. মহিউদ্দিন খান উপস্থিত ছিলেন।